

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/০৪ মে ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১২১-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b), গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৩২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গ্রামীণ ব্যাংকের ০১-০১-২০১৬ তারিখ হইতে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত মেয়াদের আয়ের উপর আরোপণীয় কর প্রদান হইতে, নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিবার শর্তে, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে “গ্রামীণ ব্যাংক” অর্থ গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৪ এর অধীন স্থাপিত গ্রামীণ ব্যাংক।

২। এই প্রজ্ঞাপন ১ জানুয়ারি, ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।